Total No. of Printed Pages—7

**2 SEM FYUGP BNL C2**

**2025**

( May/June )

BENGALI

( CORE )

Paper : BNLC2

( আধুনিক বাংলা কাব্য সাহিত্য )

*Full Marks* : 60 (80 for 2023 Batch)

*Time* : 2 hours (3 hours for 2023 Batch)

*The figures in the margin indicate full marks for the questions*

প্রথম একক

( কাব্য সাহিত্যের ধারা )

১। একবাক্যে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) কামিনী রায়ের লেখা একটি নাট্যকাব্যের নাম লেখো।

(খ) ‘পদ্মিনী উপাখ্যান’ কার লেখা?

(গ) *Song Offerings* গ্রন্থটি বাংলায় কী নামে অভিহিত হয়?

২। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো একটি) : ৩

(ক) কবিগান সম্পর্কে সংক্ষেপে লেখো।

(খ) মহিলা কবি হিসেবে মানকুমারী বসুর কৃতিত্বের মূল্যায়ন করো।

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) "বিহারীলাল আধুনিক গীতিকাব্যের প্রথম সচেতন কবি।"—এই মন্তব্যের আলোকে বিহারীলালের কাব্য-প্রতিভার মূল্যায়ন করো।

(খ) উনিশ শতকের বাংলা মহাকাব্য ধারার কবিদের সম্পর্কে আলোচনা করো।

## দ্বিতীয় একক

### ( কাব্য সাহিত্যের ধারা )

৪। একবাক্যে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) সুকান্ত ভট্টাচার্য কোন্ দশকের কবি হিসেবে খ্যাত?

(খ) অমিয় চক্রবর্তীর একটি কাব্যের নাম লেখো।

(গ) কবি শামসুর রাহমানের বাংলাদেশের মুক্তিযুদ্ধভিত্তিক একটি কাব্যের নাম লেখো।





৫। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো একটি) : ৩

(ক) চল্লিশের দশকের কবি হিসেবে সমর সেনের কাব্যের বৈশিষ্ট্য তুলে ধরো।

(খ) "সমাজের প্রতিটি অসাম্য, ন্যায়বিচারের প্রতিটি অভাব শঙ্খ ঘোষ চিহ্নিত করে দেন তার অমোঘ কবিতা দিয়ে।" এই মন্তব্যের ভিত্তিতে পঞ্চাশের দশকের কবি শঙ্খ ঘোষের কবিত্ব শক্তির পরিচয় দাও।

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) পঞ্চাশের দশকের কবি শক্তি চট্টোপাধ্যায়ের কাব্য-প্রতিভা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(খ) কবি জীবনানন্দ দাশ প্রকৃতির সাথে মানুষের যে গভীর মেলবন্ধন ঘটিয়েছেন তাতে তাঁর কবিতায় ফুটে উঠেছে এক অলৌকিক বোধ, উদাহরণ দিয়ে ব্যাখ্যা করো।

## তৃতীয় একক

### ( মেঘনাদবধ কাব্য )

৭। একবাক্যে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) "এতেক কহিলা যদি নিকষানন্দন"—'নিকষানন্দন' কে?

(খ) মন্দোদরী কে?

(গ) 'মেঘনাদবধ কাব্য'টির প্রথম সর্গের নাম কী?

৮। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো একটি) : ৩

(ক) ষষ্ঠ সর্গ অবলম্বনে লক্ষ্মণ চরিত্রটি পরিস্ফুট করো।

(খ) বীরবাহু কীভাবে বীরের মতো যুদ্ধ করে মৃত্যুবরণ করেছিলেন, ভগ্নদূতের বর্ণনানুযায়ী তার চিত্র তুলে ধরো।

৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) মধুসূদন দত্তের 'মেঘনাদবধ কাব্য'-এর প্রথম ও ষষ্ঠ সর্গ অবলম্বনে মেঘনাদ চরিত্রটি পরিস্ফুট করো।

(খ) 'মেঘনাদবধ কাব্য'-এর মূল রস কী? কাব্যের প্রথম সর্গ অবলম্বনে একটি রসগ্রাহী আলোচনা করো। ১+৯=১০

*অথবা*

( সঞ্চিতা )

১০। একবাক্যে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) 'সঞ্চিতা' কাব্যগ্রন্থটি কত সালে প্রকাশিত হয়?

(খ) 'আমার কৈফিয়ত' কবিতাটি কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?

(গ) ''বৌ-এ গিলিয়াছে গোটা!'' বউয়ের নাম কী?

১১। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো একটি) : ৩

(ক) 'সর্বহারা' কবিতাটির মূলভাব সংক্ষেপে নিজের ভাষায় লেখো।

(খ) ''এক হাতে বাঁকা বাঁশের বাঁশরী, আর হাতে রণ-তূর্য।'' পংক্তিটিতে নজরুল ইসলামের কোন্ সত্তা প্রকাশ পেয়েছে, সংক্ষেপে আলোচনা করো।





১২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'আজ সৃষ্টি-সুখের উল্লাসে' কবিতার মধ্য দিয়ে কবির যে বিশেষ মানসিকতা প্রকাশ পেয়েছে তা আলোচনা করো।

(খ) 'আমার কৈফিয়ৎ' কবিতায় কবি তাঁর বিরুদ্ধে ওঠা সমস্ত অভিযোগের যে উত্তর দিয়েছেন তা আলোচনা করো।

চতুর্থ একক

( বনলতা সেন )

১৩। একবাক্যে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) ''কচি লেবুপাতার মতো নরম সবুজ আলোয়
পৃথিবী ভরে গিয়েছে এই ভোরের বেলা।''
পংক্তিটি কোন্ কবিতার অন্তর্গত?

(খ) 'গ্রীক হিন্দু ফিনিশিয়' রমণীদের সঙ্গে কবি কার তুলনা করেছেন?

(গ) ''আমাদের পিতা বুদ্ধ কনফুশিয়সের মতো আমাদেরও প্রাণ।'' কনফুশিয়স কে?

১৪। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো একটি) : ৩

(ক) 'সুচেতনা' কবিতাটিতে যে ইতিহাস-চেতনা প্রকাশ পেয়েছে তা সংক্ষেপে লেখো।

(খ) 'হায় চিল' কবিতায় ভিজে মেঘের দুপুরের ধানসিঁড়ি নদীটির পাশে চিলের কান্নায় অপরিসীম বেদনার সৃষ্টি হয়েছে। কবিতা অবলম্বনপূর্বক এর পরিচয় দাও।

১৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) ‘কুড়ি বছর পরে’ কবিতার অন্তর্নিহিত অর্থ পরিস্ফুট করো।

(খ) “‘সুরঞ্জনা’ কবিতার নারী-চরিত্রটি আদর্শের অবলম্বনরূপে ব্যবহৃত হলেও সে কালোত্তীর্ণ এবং ইন্দ্রিয়োত্তীর্ণ রোমান্টিক কল্পনারই আধার।” মন্তব্যের আলোকে ‘সুরঞ্জনা’ কবিতাটি সম্পর্কে আলোচনা করো।

পঞ্চম একক

( শুধুমাত্র ২০২৩ ইংরেজি বর্ষের শিক্ষার্থীদের জন্য অতিরিক্ত ২০ মূল্যাঙ্কের প্রশ্নাবলী)

১৬। একবাক্যে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) কবিগানের আদি কবিয়াল কাকে বলা হয়?

(খ) কবি শঙ্খ ঘোষের প্রকৃত নাম কী?

(গ) ‘বনলতা সেন’ কবিতাটি কোন্ প্রত্রিকায় প্রথম প্রকাশিত হয়?

(ঘ) ‘মেঘনাদবধ কাব্য’-এর প্রথম সর্গের নাম কী?

১৭। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ৪×২=৮

(ক) বাংলা আখ্যানকাব্য ধারায় রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের অবদান সম্পর্কে সংক্ষেপে লেখো।

(খ) পঞ্চাশের দশকের কবি হিসেবে শামসুর রাহমানের কাব্যের বৈশিষ্ট্য তুলে ধরো।





(গ) ‘ঘাস’ কবিতা অবলম্বনে জীবনানন্দের মর্ত্যপ্রীতির সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ঘ) ‘মেঘনাদবধ কাব্য’-এর প্রথম সর্গ অবলম্বনে রাবণের রাজসভার বর্ণনা দাও।

১৮। উত্তর দাও (যে কোনো একটি) : ১০

(ক) উনিশ শতকের মহিলা গীতিকবি হিসেবে কামিনী রায়, মানকুমারী বসু ও অনঙ্গমোহিনী দেবীর কবি-প্রতিভা সম্পর্কে আলোচনা করো।

(খ) রবীন্দ্রানুসারী কবি হিসেবে কাজী নজরুল ইসলাম ও সত্যেন্দ্রনাথ দত্তের অবদান সম্পর্কে আলোচনা করো।

(গ) জীবনানন্দ তাঁর ‘বনলতা সেন’ কবিতাটির নাম নিয়েই কাব্যটির নামকরণ করেছিলেন ‘বনলতা সেন’। নাটোরের বনলতা সেনের এক বিশেষ চিত্র কবি এই কবিতায় তুলে ধরেছেন। আলোচনা করো।

★★★